# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
## উপদেশ, প্রসারণ ও গবেষণা কার্যক্রম পরিদপ্তর
## ঢাকা-১০০০, বাংলাদেশ

*পরিচালক*

টেলিফোন: ৯৬৬৩১২৯ (অফিস), পিএবিএক্স: ৯৬৬৫৬৫০-৮০,৮৬১৬৮৩৩-৩৮,৮৬১৪৬৪০-৪৪,৮৬১৮৩৪৪-৪৯/৭৩৫৪,৭৪৯৩,৭৫১৫ (অফিস)
Fax: +880 2 9665622 Email: daers@buet.ac.bd

নং-ডিএইআরএস/CASR/F-21/বিমক-গবেষণা প্রকল্প/২০১৫/ডিআর-১৭৬ (৩০) তারিখ-০৬/০৫/২০১৫

সকল অনুষদের ডীন
সকল বিভাগীয় প্রধান
পরিচালক, IWFM, IICT, IAT, ARI, CES, DCE
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০।

*বিষয়ঃ* ২০১৫ সালের জন্য ইউজিসি কর্তৃক গবেষণা প্রকল্প আহবান প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) থেকে প্রাপ্ত একখানা পত্র ও তদসংযুক্তি আপনার অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদ্সঙ্গে প্রেরণ করা হ'ল। এ বিষয়ে কমিশনের শর্তাবলীর আলোকে বিষয়ভিত্তিক গবেষণা প্রকল্প প্রস্তাব নির্ধারিত প্রোফর্মায় ৪ কপি (৩ কপি বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে প্রেরণের জন্য এবং ১ কপি এই অফিসে রেকর্ডের জন্য) আগামী ১২ই মে, ২০১৫ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অফিসে প্রেরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে। উল্লেখ্য, প্রকল্প প্রস্তাবনার Soft copy UGC'র আবেদন ফরমে উল্লেখিত বিষয়ভিত্তিক সরাসরি Email-এ প্রেরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে। এতদসংক্রান্ত প্রাপ্ত প্রস্তাবসমূহ একত্রে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আগামী ১৭ই মে, ২০১৫ইং তারিখে পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন বিভাগ, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন বরাবর পাঠানোর অনুরোধ জানানো হয়েছে। বিষয়টি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

গবেষণা প্রকল্প প্রস্তাব সম্পর্কিত যাবতীয় তথ্য **website: www.ugc.gov.bd.** থেকে সংগ্রহ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

ধন্যবাদান্তে,

(অধ্যাপক ড. সেখ রিয়াজ আহমেদ)
পরিচালক, ডিএইআরএস

নং-ডিএইআরএস/CASR/F-21/বিমক-গবেষণা প্রকল্প/২০১৫/ডিআর-১৭৬ (৩০)/2 তারিখ-০৬/০৫/২০১৫

১। এপিএস টু ভিসি (মাননীয় ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২। রেজিস্ট্রার, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

hp/Drive-E/CASR Let/All Head (Bangla/page-181)/2015

all heads

CSE

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

আগারগাঁও , ঢাকা-১২০৭
www.ugc.gov.bd

নথি নং৪- ৬ (১২৩) বিমক/রিসাপা/ ক ও মা/ গপ্রআ/২০১২/২৭০২ তারিখ ঃ ১৩/০৪/১৫ খ্রিঃ

রেজিস্ট্রার
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
ঢাকা।

**বিষয় : ২০১৫ সালের জন্য গবেষণা প্রকল্প আহবান ।**

জনাব,

আপনি অবগত আছেন যে, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন বিশ্ববিদ্যালয় শিক্ষকগণকে গবেষণাকর্মে উৎসাহিত ও উদ্বুদ্ধ করার জন্য নিয়মিত আর্থিক সহায়তা দিয়ে আসছে। এই পরিপ্রেক্ষিতে কমিশন বাংলাদেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের কাছ থেকে ২০১৫ সালের জন্য গবেষণা প্রকল্প আহবান করছে। প্রকল্পগুলি কমিশনের নির্ধারিত ছকে (Proforma) যথাযথভাবে পূরণ করে আগামী ১৭/০৫/২০১৫ তারিখের মধ্যে পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন বিভাগে প্রেরণ করতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, ১ বছর মেয়াদী প্রকল্পের জন্য প্রস্তাবিত বাজেট প্রকল্প পরিচালকের সম্মানী ও ১জন গবেষণা সহকারী/ল্যাব এ্যাটেনডেন্ট/ শ্রমিকের (প্রয়োজন) মাসিক ভাতাসহ ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে প্রণয়ন করতে হবে।

২। কমিশনের নিয়মাবলী সম্বলিত নোটিশ, সাধারণ তথ্যাবলী, শর্তাবলী এবং প্রোফর্মা ইউজিসির ওয়েব সাইটে (www.ugc.gov.bd) এ পাওয়া যাবে। নোটিশটি আপনার বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগে ও অনুষদে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

মোঃ ওমর ফারুখ
উপ পরিচালক
রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন বিভাগ
ফোন ঃ ৮১৮১৬২২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১। ডীন, প্রকৌশল অনুষদ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২। ডীন, পুর কৌশল অনুষদ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩। ডীন, যন্ত্র কৌশল অনুষদ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪। ডীন, স্থাপত্য ও পরিকল্পনা অনুষদ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫। ডীন, তড়িৎ ও ইলেকট্রনিক্স অনুষদ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬-৭। অফিস কপি-মাস্টার কপি ।

এম গোলাম দস্তগীর
সহকারী পরিচালক
রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন বিভাগ

৪১

# নোটিশ

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ২০১৫ সালের জন্য মৌলিক গবেষণা কর্মে সহায়তা দানের জন্য সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের কাছ থেকে গবেষণা প্রকল্প আহবান করছে।

প্রকল্প প্রস্তাবনা কমিশনের নির্ধারিত প্রোফর্মা এবং নিয়মানুযায়ী হতে হবে। অসম্পূর্ণ প্রস্তাব বিবেচিত হবে না। এক বছর মেয়াদী প্রকল্পের জন্য প্রকল্প পরিচালকের সম্মানী (১ মাসের মূল বেতন) ও ১ জন গবেষণা সহকারী/ ল্যাব এ্যাটেনডেন্ট/ শ্রমিকের (প্রয়োজনে) মাসিক ভাতাসহ প্রস্তাবিত বাজেট অনুর্ধ্ব ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। গবেষণা প্রকল্পের আবেদনপত্র, তথ্যাবলী ও অন্যান্য কাগজপত্র ইউজিসি ওয়েব সাইট (www.ugc.gov.bd) তে পাওয়া যাবে।

গবেষণা প্রকল্প প্রস্তাবের ৩ কপি বিভাগীয় প্রধান/অনুষদের ডীন এর দ্বারা অনুস্বাক্ষরিত হওয়ার পর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমোদনক্রমে রেজিস্ট্রারের মাধ্যমে পরিচালক, রিসার্চ সাপোর্ট এণ্ড পাবলিকেশন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাও, ঢাকা-১২০৭ ঠিকানায় আগামী ১৭/০৫/২০১৫ তারিখের মধ্যে পৌছাতে হবে।

বিঃ দ্রঃ

(ক) সহকারী অধ্যাপক থেকে অধ্যাপক এবং উচ্চতর পদের নিয়োজিত শিক্ষকগণ একক অথবা যৌথভাবে আবেদন করতে পারবেন। এ ছাড়াও পিএইচডি ডিগ্রীধারী প্রভাষকগণও আবেদন করতে পারবেন।

(খ) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অর্থানুকূলে প্রকল্প চলমান থাকা অবস্থায় নতুন প্রকল্পের জন্য আবেদন করা যাবে না।